GradeMax

Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
| --- | --- |
| | |

Centre Number | Candidate Number

# Pearson Edexcel International GCSE

## Tuesday 28 May 2024

Morning (Time: 2 hours 30 minutes)

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  – *there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  – *use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over*

P75553RA

©2024 Pearson Education Ltd.

F:1/1/1/1/

P 7 5 5 5 3 R A 0 1 2 0

Pearson

**SECTION A**

**Reading**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** ‘সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার’ সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

*সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার*

আমরা নিয়মিত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করি। এগুলো আজকাল সবার কাছেই পরিচিত। প্রতিদিন সকালে চা না খেলে যেমন একটা অপূর্ণতা রয়ে যায়, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার না করলে তেমনি একটা অনুভূতি হয়।

আমরা নানা কারণে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করি যদিও অনেক সময় এর ব্যবহার খুব সুখকর নয়। এখানে এত মানুষ! এত চিন্তা ভাবনা, এত মত, এত পথ! কেউ খবর নিয়ে, কেউ ভ্রমণ নিয়ে, আবার কেউ সমসাময়িক বিষয় নিয়ে লেখে। কেউ শুধুমাত্র নিজের ছবি শেয়ার করেই আনন্দ পায় এবং কেউ শুধুমাত্র বিনোদনমূলক লেখা দিতেই পছন্দ করে। কেউ আবার কিছু না করেই নিষ্ক্রিয় থাকে এবং কেউ ভালো গল্প লেখে পাঠকদের আনন্দ দেয়।

যদিও এর মাধ্যমে অনেক পুরনো বন্ধুদের খুঁজে পাওয়া যায়, তাদের সাথে কথা বলা যায় কিন্তু এতে অনেক সময় নষ্ট হয়। স্কুল কলেজ পড়ুয়া ছেলেমেয়েদের লেখাপড়ায় অনেক ক্ষতি হয়। আমাদের সতর্ক থাকতে হবে যে ভুয়া খবরের মাধ্যমে আমরা যেন প্রতারিত না হই।

DO NOT WRITE IN THIS AREA

GradeMax

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** ব্যয়বহুল | **B** প্রতিদিন | **C** ভিডিও | **D** কষ্ট |
| **E** হাসাহাসি করে | **F** নিজস্ব ছবি | **G** অনুপ্রাণিত | **H** ধোঁকা |
| **I** আনন্দ | **J** সাহস | **K** কথা বলে | **L** অমনোযোগী |
| **M** স্বাভাবিক | | | |

| | | |
|---|---|---|
| **উদাহরণ:** | মানুষ ... সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে। | **B** |
| **1** (a) | সামাজিক যোগাযোগের চর্চা এখন ... হয়ে গেছে। | |
| **1** (b) | মানুষ এখানে ... শেয়ার করে। | |
| **1** (c) | মানুষ এখানে অন্যের লেখা পড়ে ... পায়। | |
| **1** (d) | মানুষ বন্ধুদের সাথে ...। | |
| **1** (e) | ছাত্রছাত্রীরা লেখাপড়ায় ... হয়। | |
| **1** (f) | অনেকে মিথ্যা খবর দিয়ে ... দেয়। | |

**(Total for Question 1 = 6 marks)**

**2** **'অনলাইনে পোশাক ক্রয়'** - এ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন কলেজ ছাত্রছাত্রীর মতামত পড়ো এবং সঠিক বাক্সে ☒ চিহ্ন দিয়ে সঠিক নাম/নামগুলোর সঙ্গে বাক্যগুলো মেলাও। কোনো কোনো ক্ষেত্রে বাক্যের সঙ্গে নামের মিল না-ও থাকতে পারে।

***অনলাইনে পোশাক ক্রয়***

**মাহির**




আমি অনলাইনে কাপড় কিনি। এতে সময় বাঁচে, আবার পছন্দমত পোশাকও পাওয়া যায়। তবে অনলাইনে পোশাক কেনার সময় কয়েকটি বিষয় খেয়াল রাখা উচিত। পরিচিত ব্র্যাণ্ড মানেই অনেক ভাল পোশাক তা কিন্তু নয়। তাই এমন কোনো ব্র্যাণ্ডের পোশাক নিন, যাদের পোশাক আপনি দীর্ঘদিন পরেছেন। আপনার শরীরে ভালো মানায় যে পোশাক, তা বেছে নিতে পারেন অনলাইন থেকে।

**কমলা**



আমি মনে করি, কোন উপকরণ দিয়ে পোশাকটি তৈরি করা হয়েছে এবং সেটি আপনার গায়ে মানাবে কিনা সেটি জেনে তারপর পোশাকটি নির্বাচন করুন। অনেক সময় ই-কমার্স ওয়েবসাইটে খুঁজতে খুঁজতে কোনো একটা পোশাকে চোখ আটকে যায়। পোশাকটির দাম নাগালের মধ্যে মনে হলে অনেকে সঙ্গে সঙ্গে অর্ডার করে ফেলেন। এটা ঠিক নয়। অনলাইনে পোশাক কেনার আগে অবশ্যই গ্রাহকের মতামত দেখে নিন।

**টমাস**



আমরা অনেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে কাপড়-চোপড় কিনি। তবে কেনার আগে ক্রয়কৃত দ্রব্য 'পরিবর্তন ও ফেরত দেয়ার' নিয়ম দেখে নিন। কেননা, আপনি একটি পোশাক কেনার পর দেখলেন তা গায়ে লাগছেনা। আর সেটা যদি আপনি বদলে নিতে না পারেন তাহলে টাকাটাই নষ্ট হবে। তাই পোশাক কেনার আগে সাইজের তালিকা দেখে নিন।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

GradeMax

| | | মাহির | কমলা | টমাস |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | অনলাইন কেনাকাটায় ব্যক্তিগত পছন্দ আছে। | ☒ | ☐ | ☐ |
| **A** | ব্র্যাণ্ডের পোশাক সবসময় ভাল হয় না। | ☐ | ☐ | ☐ |
| **B** | গায়ের সাথে মিল করে পোশাক কিনুন। | ☐ | ☐ | ☐ |
| **C** | আর্থিক ক্ষতির সম্ভাবনা রয়েছে। | ☐ | ☐ | ☐ |
| **D** | যে পোশাকে আপনি অভ্যস্ত সে পোশাক পরুন। | ☐ | ☐ | ☐ |
| **E** | অনেকে অনলাইনে দ্রুত অর্ডার করেন। | ☐ | ☐ | ☐ |
| **F** | বিক্রিত মাল ফেরত দেয়ার নিয়ম দেখা জরুরী। | ☐ | ☐ | ☐ |
| **G** | সাইজের তালিকা ও গ্রাহকের অভিমত দেখুন। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

DO NOT WRITE IN THIS AREA

**3** 'বিশ্ব ভ্রমণে বাংলাদেশী তরুণী' সম্বন্ধে নিচের লেখাটি পড়ো। বাংলায় নম্বর অথবা শব্দ/শব্দমালা দিয়ে নোটগুলি পূরণ করো।

***বিশ্ব ভ্রমণে বাংলাদেশী তরুণী***

কাজী আসমা আজমেরীর বয়স বিশ বছর। সে বাংলাদেশী পাসপোর্টে বিশ্ব ভ্রমণ করে সবাইকে চমকে দিয়েছে। সে ২০০৭ সালে প্রথমে থাইল্যাণ্ডে যায়। দক্ষিণ-পূর্ব এশিয়ার এই দেশটিতে সে একাই গিয়েছিলো। সে ২০০৯ সালে আবারও দেশের বাইরে যায়। তখন তার গন্তব্য ছিল হিমালয়কন্যা নেপাল। সেই থেকে তাকে বিশ্বভ্রমণের নেশায় পেয়ে বসে।

সে বলেছে, 'ছোটবেলা থেকে আমি খুব চঞ্চল ছিলাম। ঘুরে বেড়ানোর ইচ্ছা ছিল প্রবল। সেই আকাঙ্ক্ষা থেকেই বিশ্ব ঘুরে দেখার ইচ্ছা জাগে। প্রথমে থাইল্যাণ্ডের সেই নীল সমুদ্র দেখার পর মনে হয়েছিল, ভ্রমণের জন্য যত টাকা খরচ হয়েছে; এই সমুদ্র দেখার পর যেন সব উঠে গেছে। এ দৃশ্য দেখার পর পুরো বিশ্বের সৌন্দর্য আমাকে টানতে থাকে। তখন থেকে নানা দেশ ভ্রমণের ফলে আমার বুকটা আনন্দে ও গর্বে ভরে ওঠেছে'।

সে পড়াশোনার পাশাপাশি চাকরি করতো। বেতনের টাকা এবং প্রতি মাসে হাতখরচের টাকা দিয়েই সে ভ্রমণ করতো। সে বলে আমি বিশ্বাস করি, "ভ্রমণের মাধ্যমে আমার চিন্তাশক্তি ও জ্ঞানের বিকাশ ঘটেছে এবং জানতে পেরেছি বিভিন্ন দেশের নিয়ম-কানুন, নীতি-নৈতিকতা, কৃষ্টি ও খাবারের ধরণ"।

সর্বোপরি, যারা ভ্রমণ করে, তারা উদার মনের হয়। আর যারা হতাশায় ভোগে, ভ্রমণ তাদেরকে মুক্তি দিতে পারে বলে সে মনে করে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণ:** কাজী আসমা আজমেরী: বাংলাদেশের নাগরিক

(a) কাজী আসমার প্রথম ভ্রমণকাল: .................................................... **(1)**

(b) তার দ্বিতীয় গন্তব্য: .................................................... **(1)**

(c) তার বাল্যবেলার স্বভাব: .................................................... **(1)**

(d) যে দৃশ্য তাকে আকৃষ্ট করে: .................................................... **(1)**

(e) তার ভ্রমণের অনুভূতি: .................................................... আর .................................................... **(2)**

(f) ভ্রমণ ব্যয়ের উৎস: .................................................... আর .................................................... **(2)**

(g) ভ্রমণের মাধ্যমে তার অর্জন: .................................................... আর .................................................... **(2)**

(h) ভ্রমণের উপকারিতা: .................................................... আর .................................................... **(2)**

**(Total for Question 3 = 12 marks)**

**4** (a) নিচে দেওয়া '**লাইব্রেরী**' বিষয়ে লেখাটির অংশবিশেষ পড়ো।

***লাইব্রেরী***

আমার প্রিয় শখ হচ্ছে বই পড়া এবং প্রিয় জায়গা হল লাইব্রেরী। আমাকে সপ্তাহে অন্তত একবার লাইব্রেরীতে যেতে হয়। বই না পড়ে জ্ঞানার্জন লাভ করা অসম্ভব। তাই সরকারী গ্রন্থাগারগুলি ব্যক্তির আগ্রহ অনুযায়ী বিভিন্ন বিষয়ে জ্ঞান লাভে সাহায্য করে এবং যারা বই কিনতে পারে না তারা সেখান থেকে বিনামূল্যে বই ধার করতে পারে। আর তাই প্রতিটি শহরের কেন্দ্রস্থলে গড়ে ওঠেছে এসব লাইব্রেরী।

ব্যক্তিগত লাইব্রেরীগুলি ব্যক্তির নিজস্ব আগ্রহে গড়ে ওঠে। এখানে ব্যক্তি নিজেই স্বেচ্ছাচারী সম্রাট। তাই ব্যক্তি নিজ খেয়ালেই গড়ে তুলেন তার কল্পনার তাজমহল। তিনি এখানে স্বাধীন ও স্বতন্ত্র। লাইব্রেরী জাতীয় বৈশিষ্ট্যের রক্ষক নয় বরং ব্যক্তিগত বৈশিষ্ট্যের বিকাশক। তাঁর মতে, "একজন ভালো লেখক বিশেষ কোন সম্প্রদায়ের লোক নন বরং তিনি সকল সম্প্রদায়ের আত্মীয়"। তাই লাইব্রেরীর বই নির্বাচনের সময় সংকীর্ণ মানসিকতা না থাকাই ভালো।

দুর্ভাগ্যবশত, সবাই আমার মতো করে পড়তে পছন্দ করে না। তাই প্রায়শই দেখা যায় পারিবারিক লাইব্রেরীতে থাকা সারি সারি দামী বই যা কখনো পড়া হয় না বরং ঘরের সাজসজ্জা হিসেবেই এসব ব্যবহৃত হয়ে থাকে।

লাইব্রেরীর মাধ্যমে আমাদের পরবর্তী প্রজন্মদের যথেষ্ট উপকৃত হওয়ার সম্ভাবনা রয়েছে। এই লাইব্রেরীর কারণেই তারা পরিণত বয়সে শিক্ষিত হয়ে উঠবে। আর এমনটি আশা করা শুধু একটি ভিত্তিহীন কল্পনা নয়। কেননা, বিখ্যাত কবি-সাহিত্যিকদের জীবনী আলোচনা করলে দেখা যায় যে, ছোটবেলায় তারা বাবা-মা ও দাদা-দাদীর কাছ থেকে বা পারিবারিক গ্রন্থাগার থেকে সাহিত্য সাধনার প্রেরণা লাভ করেছেন।

গল্পটিতে যেসব তথ্য রয়েছে তা ব্যবহার করে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) কীভাবে বুঝা যায় যে লেখক লাইব্রেরী পছন্দ করেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(ii) সরকারী লাইব্রেরীগুলো গুরুত্বপূর্ণ কেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA

GradeMax

DO NOT WRITE IN THIS AREA

(iii) ব্যক্তিগত লাইব্রেরী সম্বন্ধে লেখকের মন্তব্যটি কেমন? **দুটি** বিষয় লেখো। **(2)**

..................................................................................................................................................

..................................................................................................................................................

(iv) বই নির্বাচনের বিষয়ে লেখক কী পরামর্শ দিয়েছেন? **দুটি** বিষয় লেখো। **(2)**

..................................................................................................................................................

..................................................................................................................................................

(v) লেখক কীভাবে অন্য লোকদের সাথে তার বই প্রেমের তুলনা করেছেন? **একটি** বিষয় লেখো। **(1)**

..................................................................................................................................................

(vi) লেখাটিতে দাদা-দাদীর কথা উল্লেখ করা হয়েছে কেন? **একটি** বিষয় লেখো। **(1)**

..................................................................................................................................................

GradeMax

**4** (b) নিচে দেওয়া 'লাইব্রেরী' লেখাটির বিষয়ে **দুই বন্ধুর** আলোচনাটি পড়ে বাংলায় প্রশ্নগুলোর উত্তর দাও।

দুইজন বন্ধু **'লাইব্রেরী'** লেখাটি নিয়ে আলোচনা করছে।

**শাওন:** "আমি বই পড়তে পছন্দ করি। কেননা আমি জানি, বই হলো জ্ঞানের বাহন। তবে আজকাল ইন্টারনেট ছাড়া জ্ঞান ও বুদ্ধির বিকাশ অসম্ভব। সত্যিকারের শিক্ষিত হতে হলে প্রয়োজন মনের প্রশস্ততা ও জ্ঞানের প্রসার। আর এ ক্ষেত্রে ইন্টারনেট হচ্ছে একটি জাতির অগ্রগতি ও সাফল্যের মাধ্যম। তাই সবাইকে এখন থেকে ইন্টারনেটের সঙ্গে সংযুক্ত থাকতে হবে। জ্ঞান ও চিন্তাশক্তির প্রসারের জন্য আজকাল ওয়েবসাইটগুলোতে আমাদের প্রবেশাধিকার থাকতে হবে। আর আমি এটাও মনে করি যে, লাইব্রেরী মানুষের জ্ঞানার্জনের আকাঙ্ক্ষা থেকে তৈরি করা হয়েছিল। তবে গ্রাম বা প্রত্যন্ত অঞ্চলে বসবাস করলে এই ইচ্ছাটি সহজে পূরণ করা সম্ভব হয় না। এখন নতুন ধরনের লাইব্রেরি হচ্ছে যা বিনামূল্যে, অনলাইন এবং উন্মুক্তভাবে সবার জন্য উপযোগী। অনলাইনে শিক্ষালাভের জন্য 'শিক্ষা-ভাণ্ডার' তৈরির জন্য ইন্টারনেট সরবরাহকারীরাও অনুদানের হাত প্রসারিত করতে পারে। ইন্টারনেটের মাধ্যমে দরিদ্র লোকেরাই সবচেয়ে বেশী উপকৃত হচ্ছে; কারণ তারা ধনীদের সাথে সমান সুযোগ-সুবিধা লাভ করছে"।

**ফাইজা:** "আমি এ ব্যাপারে তোমার সাথে কিছুটা একমত। তবে আমি মনে করি, লাইব্রেরী প্রতিষ্ঠা করার চেয়ে আরো বেশী জরুরী হলো সমাজ থেকে ক্ষুধা ও দারিদ্রতা দূর করা। এখনো টাকার অভাবে গ্রামগঞ্জের অনেক দরিদ্র ছেলেমেয়ে স্কুলের লেখাপড়া থেকে বঞ্চিত হচ্ছে। তারা ভাল ভাবে জীবন যাপন করতে পারছেনা। তাই আমাদের অগ্রাধিকার ভিত্তিতে তাদের জীবনমান উন্নয়নে এগিয়ে আসতে হবে। তাদের মধ্যে লাইব্রেরী ও বই পড়ার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে। সামাজিক ভারসাম্য রক্ষায় আমদেরকে সময় উপযোগী পদক্ষেপ গ্রহণ করতে হবে। আর অভিভাবকদের সহযোগিতায় 'ঝরে পড়া' ছেলেমেয়েদের স্কুলে পাঠানোর উদ্যোগ নিতে হবে। আমি আরও মনে করি যে, স্কুল এবং কলেজগুলো অভিভাবকদের উপস্থিতিতে এই বিষয়ে বিভিন্ন পরামর্শ ও মত বিনিময় সভার আয়োজন করতে পারে"।

(i) নিচের বিষয়গুলোর ওপর প্রথম বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- জাতির উন্নতি ও সফলতার চাবিকাঠি **(1)**
- আধুনিক লাইব্রেরীর ধরণ **(1)**

........................................................................................................................................

........................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- সমাজের একটি বাস্তব সমস্যা **(1)**
- সমস্যা সমাধানের একটি উপায় **(1)**

........................................................................................................................................

........................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA



P 7 5 5 5 3 R A 0 1 0 2 0

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

## SECTION B

### Writing

Answer Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c).

**Write your answers in the spaces provided.**

**5**

***আমার বাড়ি***

| | |
|---|---|
| তোমার বাড়িটির বর্ণনা | তোমার বাড়ির সুবিধা ও অসুবিধা |
| সম্প্রতি যে বাড়িটি তুমি দেখেছো | ভবিষ্যতে তোমার স্বপ্নের বাড়ি |

***আমার বাড়ি*** সম্পর্কে **বাংলায় প্রায় ৮০ শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ লেখো।** তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

..........

..........

..........

..........

..........

..........

..........

..........

..........

..........

..........

..........

..........

GradeMax

**(Total for Question 5 = 14 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**6** নিচের তিনটি কাজ থেকে যেকোনো একটি কাজ বেছে নিয়ে তার ওপর **বাংলায়** প্রায় **১৪০** শব্দে লেখো।

(a) **কাজ ১**

**'তোমার এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা' - এই বিষয়ে বাংলা পত্রিকার জন্য** একটি নিবন্ধ লেখো।
এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- পরিষ্কার পরিচ্ছন্নতার বর্তমান অবস্থা
- গত মাসে পরিষ্কার পরিচ্ছন্নতায় তোমার অংশগ্রহণ
- পরিষ্কার পরিচ্ছন্নতায় তোমার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

হ্যালো রিগান,

পরীক্ষার পর আমি বন্ধুদের সাথে রেষ্টুরেন্টে যাবো। আমরা সেখানে রাতের খাবার খাব এবং গল্প করে সময় কাটাবো। তাছাড়া, আমরা আমাদের ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আলোচনা করতে চাই।

আশা করি, তুমিও আমাদের সাথে যোগ দেবে।

রকি

রকি যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি রকিকে একটি ই-মেইল লেখো।
এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার ভবিষ্যত পরিকল্পনা নিয়ে যার সাথে কথা হয়েছে
- যুবকদের জন্য ভবিষ্যত পরিকল্পনার প্রয়োজনীয়তা
- ভবিষ্যতে তুমি যা হতে চাও

**(26)**

(c) **কাজ ৩**

'স্বাস্থ্যই জীবন'- **এই** নামে একটি ব্লগ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- স্বাস্থ্যকর খাদ্যের গুরুত্ব
- সুস্থ থাকার জন্য তুমি যা যা করেছো
- ভবিষ্যতে সুস্থ থাকার উপায়সমূহ

**(26)**

GradeMax

**Indicate which question you are answering by marking a cross in the box ☒. If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒.**

Chosen question number: **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)** ☒

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

GradeMax

## SECTION C

### Translation into Bangla

**Write your answer in the space provided.**

**7** নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো।

Guliakhali Sea Beach is a great place for travellers. They come from different parts of the country. Some people also come from abroad. There are not many modern facilities, but the natural beauty of the area attracts visitors.

Recently, the government decided to develop the roads and build many hotels. They want to make this place into a famous international holiday destination. They hope that this plan will help the local economy and encourage tourism. This will create job opportunities too. However, some people worry that tourists will bring problems.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

GradeMax

DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**


P 7 5 5 5 3 R A 0 1 8 2 0

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**Source information**

**Question 1**
Source: https://www.thebengalitimes.com/42279/

**Question 2**
© Westend61/Getty Images
© Tetra Images/Getty Images
© ProfessionalStudioImages/Getty Images

**Question 3**
Source: https://www.parjatanbichitra.com

**Question 4**
Source: Sanskriti Kotha, Motaher Hossain Choudhury



P 7 5 5 5 3 R A 0 2 0 2 0